

প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্থায়ী কার্যপ্রণালী (Standing Operating Procedure)

প্রধানমন্ত্রীর কার্যালয়

২০১৫



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্থায়ী কার্যপ্রণালী (Standing Operating Procedure) সংশোধন প্রসঙ্গে।

সংসদীয় সরকার প্রবর্তনের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মপরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। সকল বিষয়ের প্রতি লক্ষ্য রেখে এ কার্যালয়ের জন্য জনবল, যানবাহন ও অফিস সরঞ্জামের অনুমোদিত তালিকা প্রণয়ন করা হয়েছে।

০২। প্রধানমন্ত্রীর কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণের কাজের দায়িত্ব বণ্টন সংক্রান্ত বিষয়ে বিগত ডিসেম্বর ২০০২ মাসে স্থায়ী কার্যপ্রণালী SOP(Standing Operating Procedure) প্রণয়ন করা হয়। পরবর্তীতে জুন, ২০১০ মাসে এ কার্যালয়ের সাবেক মহাপরিচালক-১ জনাব মোঃ আবদুল আজিজ-কে আহ্বায়ক করে ৫ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটির প্রতিবেদন এবং বিভিন্ন স্তরের কর্মকর্তাগণের মতামত গ্রহণসহ পরীক্ষা-নিরীক্ষা করা হয়।

০৩। এ প্রেক্ষিতে স্থায়ী কার্যপ্রণালী (SOP) পরিবর্তন/পরিবর্ধন/সংশোধনের বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করতঃ একটি সময়োপযোগী SOP প্রস্তুত করা হয়েছে।

০৪। এ কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে পরিমার্জিত স্থায়ী কার্যপ্রণালী মেনে চলতে অনুরোধ করা হলো।

০৫। প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাগণের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ ও অর্গানোগ্রাম সংযুক্ত করা হলো।

মোঃ আবুল কালাম আজাদ
মুখ্য সচিব।